

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার  
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০১.১৯.৪৮

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৭  
১৬ নভেম্বর ২০২০

বিষয়: কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফেরতযোগ্য জামানত সরকারি কোষাগারে জমা দিয়ে প্রমাণকসহ তথ্য টিএমইডি-তে প্রেরণ।  
সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০২.২০.২৬, তারিখ: ২৩.০৯.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ১৫.১০.২০২০ খ্রি. তারিখে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিভিন্ন অর্থ বছরের মোট ৩১ (একত্রিশ) টি অনিষ্পন্ন অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

০২. উক্ত সভায় প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ভর্তির সময় গ্রহণ করা ফেরৎযোগ্য জামানত দীর্ঘদিন যাবৎ প্রতিষ্ঠানে রক্ষিত থাকায় এবং সরকারি কোষাগারে জমা প্রদান না করায় শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি উত্থাপিত হয়।

০৩. এক্ষণে, শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর কর্তৃক শিক্ষার্থীদের জামানত সংক্রান্ত উত্থাপিত আপত্তি বিষয়ে ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

"(ক) যেহেতু জমাকৃত অর্থ ফেরৎযোগ্য জামানত এবং ব্যাংক হিসেবে যথাযথভাবে জমা আছে এবং যেহেতু শিক্ষার্থী কর্তৃক চাহিবামাত্র ফেরৎ প্রদান আবশ্যিক সেহেতু সরকারি কোষাগারে জমা দেয়ার কোন সুযোগ নেই। অধিকন্তু এক্ষেত্রে অর্থ আত্মসাতের কোন ঘটনা ঘটেনি বিধায় আপত্তিটি নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়।  
(খ) তবে যেহেতু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও জামানতের টাকা ফেরৎ না নেওয়ায় উক্ত তহবিলে প্রতি বৎসর বিপুল পরিমাণ টাকা সঞ্চিত হয়ে পড়ে আছে সেহেতু শিক্ষাকাল সমাপ্তির ০৩ (তিন) বৎসরের মধ্যে শিক্ষার্থী কর্তৃক উক্ত জামানতের টাকা ফেরত না নেয়া হলে উক্ত টাকা সরকারি অর্থ হিসেবে বিবেচিত হবে এবং তা সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে মর্মে টিএমইডি হতে একটি নির্দেশনা জারি প্রয়োজন।"

০৪. উল্লেখ্য, কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সমাপ্তির ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হওয়ার পরও যে সকল শিক্ষার্থী জামানতের টাকা ফেরত নেননি সে সকল টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণক টিএমইডি-তে প্রেরণ করার জন্য সকল পর্যায়ের সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা আবশ্যিক।

০৫. অধিকন্তু ইতোমধ্যে ০৩ বৎসরের অধিক শিক্ষাকাল সমাপ্ত অথচ শিক্ষার্থীর নিকট ফেরতযোগ্য জামানত শিক্ষার্থী কর্তৃক ফেরত নেয়া হয়নি এমন ফেরতযোগ্য জামানতের অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের প্রমাণকসহ টিএইডি-কে অবহিতির জন্য সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান আবশ্যিক।

০৬. এমতাবস্থায়, উপরিউক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রমাণকসহ তথ্য আগামী ১৩.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১৬-১১-২০২০

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০১.১৯.৪৮/১(৮)

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৭  
১৬ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয়)

অবগতির জন্য)

৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) অফিস কপি, মাষ্টার কপি।



১৬-১১-২০২০

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব